

**সাড়ে ২২ কোটি**

**বছর আগে যে**

**মহাদেশ হারিয়ে**

**গেছে---**

লন্ডন, ১৪ই নবেম্বর (রয়টার)।—প্রায় ২২ কোটি ৫০ লাখ বছর আগে হুরানো মহাদেশ প্যাসিফিকা কোথায় অবস্থিত ছিল বৈজ্ঞানিকরা তা আবিষ্কার করেছেন বলে বিজ্ঞান বিষয়ক পত্রিকা 'নেচার'-এ প্রকাশিত এক প্রবন্ধে বলা হয়েছে।

ক্যালিফোর্নিয়ার স্ট্যানফোর্ড বিশ্ববিদ্যালয়ের ডঃ এডামস নর ও ইসরাইলের ওয়েইজম্যান ইনস্টিটিউটের ডঃ বিবেন আবিহাম বলেন, এক সময়ে প্রশান্ত মহাসাগরের মাঝামাঝি স্থানে এই মহাদেশ বিদ্যমান ছিল। বর্তমানে এটি সম্পূর্ণরূপে অন্তর্হিত হয়ে গেছে।

অস্ট্রেলিয়া, পূর্ব সুইডেনিয়া, দক্ষিণ-পূর্ব এশিয়া এবং পশ্চিম-উত্তর ও দক্ষিণ আমেরিকার যেখানে এই মহাদেশের বিশাল বিশাল খন্ডের সংঘর্ষ হয়েছে সেখানেই পর্বতমালা গড়ে উঠেছে।

এর দু'জনা বিশ্বাস করেন যে প্যাসিফিকার অপর একটি বিশাল খন্ড সমুদ্রের নীচে রয়েছে এবং তা দক্ষিণ-পশ্চিম প্রশান্ত মহাসাগরে ডুবন্ত উচ্চ ভূমির উৎপত্তি সম্পর্কে ধারণা দেবে।

প্রশান্ত মহাসাগরের চার-পাশের উদ্ভিদ, প্রাণী ও স্তন্যপায়ী জীবের কর্মবিবর্তনের ইতিহাস ব্যাখ্যায় প্রয়োজনীয় পশ্চিম-উত্তর আমেরিকা, দক্ষিণ-পূর্ব এশিয়া ও দক্ষিণ আমেরিকার মধ্যে আন্তঃমহাদেশীয় সংযোগের ধারণা প্যাসিফিকা দিতে পারে।